

## বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮২১

পর্ব - ৭০: ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১. ক্রয় বিক্রয়ের শর্তাবলী ও তার নিষিদ্ধ বিষয় - ধোঁকা দিয়ে বিক্রি করার কতিপয় মাসআলা

আরবী

وَعَنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ - رضي الله عنه: أَنَّ النَّبِيَّ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - نَهَى  
عَنْ شِرَاءِ مَا فِي بُطُونِ الْأَنْعَامِ حَتَّىٰ تَضَعَ، وَعَنْ بَيْعٍ مَا فِي ضُرُوعِهَا، وَعَنْ شِرَاءِ الْعَبْدِ  
وَهُوَ آبِقٌ، وَعَنْ شِرَاءِ الْمَغَانِمِ حَتَّىٰ تُقْسَمَ، وَعَنْ شِرَاءِ الصَّدَقَاتِ حَتَّىٰ تُقْبَضَ، وَعَنْ  
ضَرَبَةِ الْغَائِصِ. رَوَاهُ ابْنُ مَاجَهَ، وَالْبَزَارُ، وَالْدَّارَقُطَنِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ

ضعف. رواه ابن ماجه (2196)، والدارقطني (3 / 44 / 15)

বাংলা

৮২১. আবু সাউদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গবাদি পশুর গর্ভস্থ বাচ্চা প্রসবের পূর্বে, পশুর স্তনের দুধ পরিমাণ না করে, পলাতক গোলাম, গানীমাতের মাল বণ্টনের পূর্বে, দান-খয়রাত হস্তগত করার পূর্বে এবং ডুবুরীর বাজির ভিত্তিতে ক্রয়-বিক্রয় করতে নিষেধ করেছেন।

—ইবনু মাজাহ, বায়মার ও দারাকুতনী দুর্বল সানাদে। [1]

ফুটনোট

[1] আহমাদ ১০৯৪৪, ইবনু মাজাহ ২১৯৬। ইমাম শাওকানী নাইলুল আওত্তার (৫/২৪৫) গ্রন্থে বলেন, এর সানাদে শহর বিন হাউশাব রয়েছে, যে বিতর্কিত। ইবনুল কাইয়িম যাদুল মাআদ (৫/৭৩৬) গ্রন্থে বলেন, এর সানাদ দ্বারা দলীল সাব্যস্ত হয় না। ইবনু হায়ম আল মুহাম্মাদ (৮/৩৯০) গ্রন্থে বলেন, এর মধ্যে দুজন অপরিচিত বর্ণনাকারী রয়েছে। শাইখ আলবানী ফঙ্গিফ ইবনু মাজাহ (৪২৯) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70632>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন